

# জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ২৩-০৩-২০২৫

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা (এনজিও ব্যুরো নিবন্ধন নং ৮৮০/১৯৯৫)। এনডিপি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগীতায় বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির পাশাপাশি **WFP** সহ অন্যান্য দাতা সংস্থার সহযোগীতায় শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, সমাজ কল্যাণসহ বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। এনডিপি কর্তৃক **MSF** এর অর্থায়নে বাস্তবায়িত Nagorikata EmpowerHer Project অধীনে নিম্নলিখিত পদের জন্য আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন ভাতা	বয়স (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১	পদ : Upazila Facilitator পদ সংখ্যা : ০২ কর্মস্থল : প্রকল্প অফিস, সিরাজগঞ্জ বেতন : ২৫,০০০/=	সর্বোচ্চ ৩৫ বছর	নূন্যতম স্নাতক পাশ হতে হবে।	জেভার ও মানবাধিকার বিষয়ে কমপক্ষে ২ বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

বিঃ দ্রঃ ১. অধিক অভিজ্ঞতা ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বয়সসীমা শিথিলযোগ্য, ২. অধ্যয়নরত এবং ধূমপায়ীদের আবেদন করার প্রয়োজন নেই, ৩. উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নারী ও প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে, ৪. নিয়োগের জন্য কোন প্রকার আর্থিক লেনদেন ও তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

আবেদনের শর্তাবলী :

আগ্রহী প্রার্থীদের ১ কপি জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/কর্ম অভিজ্ঞতার সনদ পত্রের অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, জন্ম সনদের অনুলিপি স্বহস্তে/কম্পিউটারে লিখিত দরখাস্ত, সদ্য তোলা ২ কপি পাস পোর্ট সাইজের রঙিন ছবিসহ, সহকারী পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন), এনডিপি, কাজী মতিউর রহমান সড়ক, মাসুমপুর, সিরাজগঞ্জ অথবা পোস্ট বক্স-০২, সিরাজগঞ্জ বরাবরে অথবা ইমেইল [career@ndpbd.org](mailto:career@ndpbd.org) তে আবেদনপত্র আগামী ০৫ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্বাচনী পরীক্ষার জন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।